# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examinations, 2018

## বাংলা-সাম্মানিক

## চতুর্থ পত্র

**সময় : ৪ ঘন্টা** **পূর্ণমান : ১০০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। অ্যাবসার্ড নাটকের সংজ্ঞা দিয়ে এর সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই শ্রেণীর একটি বিশিষ্ট বাংলা নাটক-এর সার্থকতা বিচার করো। ৪+৬+১০=২০

**অথবা**

যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ১০+১০=২০

(ক) ট্র্যাজেডি নাটক (খ) কমেডি

(গ) একাঙ্ক নাটক (ঘ) পৌরাণিক নাটক

২। নাট্য নিয়ন্ত্রণ বিল প্রচলনের উদ্দেশ্য কী ? এই বিলের প্রভাব বাংলা নাটকে কীভাবে পড়েছিল তা দেখাও। এই বিলের আওতায় যে যে নাটক পড়েছিল তাদের নাম লেখো। ৪+১২+৪=২০

**অথবা**

যে-কোনো ***দুটি*** বিষয়ে আলোচনা করোঃ ১০+১০=২০

(ক) বেলগাছিয়া নাট্যশালা (খ) জোড়াসাঁকো নাট্যশালা

(গ) লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার (ঘ) শ্যামবাজার নাট্যসমাজ

৩। ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে কালীনাথ ও বাবাজী চরিত্র দুটির গুরুত্ব বিচার করো। ১০

**অথবা**

‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে তৎকালীন নাগরিক কলকাতার তরুণ সমাজের ভ্রষ্টাচার কীভাবে রূপ পেয়েছে তা আলোচনা করো। ১০

৪। ‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনের পুরুষ চরিত্রগুলির নাট্য-উপযোগিতা বিচার করো। ১০

**অথবা**

‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনে হাস্যরস ও শ্লেষ ব্যবহারে নাট্যকারের দক্ষতার পরিচয় দাও। ১০

৫। ‘ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালার ভিতরকার মানুষ।’ — চরিত্রটি বিশ্লেষণ করে, এই বক্তব্য কতদূর সঙ্গত তা বিচার করো। ১৫

**অথবা**

‘‘যে মানুষ আঘাত করছে আত্মার ট্র্যাজেডি তারই – মুক্তির সাধনা তাকেই করতে হবে’’ — মুক্তধারা নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

৬। অবক্ষয়ীকালের প্রেক্ষাপটে এক প্রতিবাদী চরিত্র হিসাবে ‘টিনের তলোয়ার’ নাটকটির ময়না চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

**অথবা**

‘টিনের তলোয়ার’ নাটকের সার্থকতাকে সুনিশ্চিত করেছে এর গান।’ — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৭। ‘মানুষের ভিতরকার রহস্য বিধাতা বাইরের কোথাও-না-কোথাও লিখে রেখে দেন; আমার অন্তরের কথা আছে ওই মুক্তধারার মধ্যে।’ — বক্তা কে ? তিনি কাকে একথা বলেছেন ? একথার তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩=৫

**অথবা**

‘প্রীতি দিয়ে পাওয়া যায় আপন লোককে, পরকে পাওয়া যায় ভয় জাগিয়ে রেখে’ — উক্তিটির বক্তা কে ? কাকে সে একথা বলেছে ? উক্তিটির মধ্য দিয়ে বক্তা চরিত্রের কোন্ দিকটি পরিস্ফুট হয়েছে ? ১+১+৩=৫

৮। ‘‘আমি কলকেতার তলায় থাকি।’’ — বক্তা কে ? তিনি কাকে একথা বলেছেন ? উক্তিটির তাৎপর্য কী ? ১+১+৩=৫

**অথবা**

‘‘রোম পুড়িতেছে আর সম্রাট ব্যয়লা বাজাইতেছেন।’’ — কোন্ প্রসঙ্গে কার এই মন্তব্য ? বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+২+২=৫

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examinations, 2018

## বাংলা-সাম্মানিক

## তৃতীয় পত্র

**সময় : ৪ ঘন্টা** **পূর্ণমান : ১০০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। উদাহরণসহযোগে দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১২

**অথবা**

টীকা লেখোঃ (যে-কোনো ***তিনটি*** ) ৪×৩ = ১২

দল, যতি, অমিত্রাক্ষর, মুক্তক, পয়ার।

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** অংশের ছন্দোলিপি রচনা করোঃ ৪×২ = ৮

(ক) একে কুলকামিনী তাহে কুহু যামিনী
ঘোর গহন অতি দূর।
আর তাহে জলধর বরিখয়ে ঝর ঝর
হাম যাওব কোন পুর।।

(খ) শিবের ললাটে চাঁদ, সে চাঁদের বক্ষে
অঙ্কিত তোমারি সে স্বস্তিক-মূর্ত্তি,
ঘরে ঘরে জ্বেলে দাও হরষের জ্যোৎস্না,
ঢেলে দাও দেহে প্রাণে কর্মের স্ফূর্তি!

(গ) মেঘ মুলুকে ঝাপ্‌সা রাতে,
রামধনুকের আব্‌ছায়াতে,
তাল বেতালে খেয়াল সুরে
তান ধরেছি কণ্ঠ পুরে।

(ঘ) ভ্রু-পল্লবে ডাক দিলে, দেখা হবে চন্দনের বনে –
সুগন্ধের সঙ্গ পাবো দ্বিপ্রহরে বিজন ছায়ায়
আহা কি শীতল স্পর্শ হৃদয়-ললাটে, আহা, চন্দন, চন্দন
দৃষ্টিতে কী শান্তি দিলে, চন্দন, চন্দন
আমি বসে থাকবো দীর্ঘ নিরালায়!

৩। উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো। ১২

**অথবা**

যে-কোনো ***দুটি*** অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করোঃ ৬×২ = ১২

যমক, নিরঙ্গ রূপক, বিরোধ, ব্যাজস্তুতি, স্মরণোপমা, ব্যতিরেক।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির অলংকার নির্ণয় করোঃ ৪×২ = ৮

(ক) পূরব দুয়ারে নীল ভৈরব মুরতি
বৃথা নিদ্রাদেবী তথা সাধিছেন তারে।

(খ) তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।

(গ) ফাটা ডিমে তা দিয়ে আর কী ফল হবে।

(ঘ) অমিতা, সাগর কি শুখাইয়া যাবে
আমি যদি এক মুঠো ফেনা নিয়ে যাই ?

(ঙ) এলাইয়া বেণী ফুলের গাঁথনি
দেখায়ে খসায়ে চুলি।
হসিত বয়ানে চাহে মেঘ-পানে
কি কহে দুহাত তুলি।।

৫। গৌরাঙ্গ বিষয়ক পদ বলতে কী বোঝো ? গৌরচন্দ্রিকাই বা কী ? এই পর্যায়ের পদ অবলম্বন করে উপরোক্ত বিষয়দুটির পার্থক্য বুঝিয়ে দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। ২+২+৫+৬=১৫

**অথবা**

প্রেমবৈচিত্ত্য ও আক্ষেপানুরাগ বলতে কী বোঝো ? এই পর্যায়ের পাঠ্য পদ অবলম্বন করে শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো। ৩+১২ = ১৫

৬। ‘গিরিরাজ পুরুষ এবং গিরিরাণী নারী বলেই তাঁদের সন্তান-স্নেহের প্রকাশ ভিন্ন, চিন্তাধারাও ভিন্ন’ – আগমনী ও বিজয়ার পদ অবলম্বনে উক্ত মন্তব্যের তাৎপর্য পরিস্ফুট করো। ১৫

**অথবা**

অষ্টাদশ শতাব্দীতে শাক্ত পদাবলীর উদ্ভবের পিছনে রাষ্ট্রনৈতিক ও আর্থসামাজিক পটভূমিটি ভক্তের আকূতি পর্যায় অবলম্বনে উদাহরণসহ আলোচনা করো। ১৫

৭। ‘মধ্যযুগীয় দেবদেবী-নির্ভরতা ও পূর্বনির্ধারিত আখ্যানকাঠামো অনুসরণ সত্ত্বেও কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী প্রায় আধুনিক ঔপন্যাসিকের মৌলিক প্রতিভার স্বাক্ষর রেখেছেন তাঁর কাব্যে’ — আলোচনা করো। ১৫

**অথবা**

‘ফুল্লরার বারোমাস্যা’ অংশটির পরিচয় দিয়ে ফুল্লরার বারোমাসের দুঃখচিত্র বর্ণনায় মুকুন্দ চক্রবর্তীর দক্ষতার পরিচয় দাও। ৮+৭ = ১৫

৮। ‘‘কর-যুগে নয়ন মুদি চলু ভামিনী ০.৫+০.৫ +০.৫ +৩.৫= ৫

তিমির পয়ানক আশে।

কর-কঙ্কণ-পণ ফণিমুখ বন্ধন

শিখই ভুজগ-গুরু পাশে।।’’

— ‘ভামিনী’, ‘পয়ানক’, ‘ভুজগ-গুরু’ শব্দ তিনটির অর্থ কী ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

**অথবা**

‘‘দেখিতে যে সুখ উঠে কি বলিব তা। ১+১+৩= ৫

দরশ পরশ লাগি আউলাইছে গা।।’’

— কোন রসপর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো।

৯। ‘‘রাজ-রাজেশ্বরী হয়ে হাস্য বদনে কথা কয়। ১+১+৩= ৫

ওকে গরুড় বাহন কালো বরণ,

জোড় হাতেতে করে বিনয়।।’’

— কোন পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য নির্ণয় করো।

**অথবা**

‘‘ত্যজিব সব ভেদাভেদ, ঘুচে যাবে মনের খেদ, ১+১+৩= ৫

ওরে শত শত সত্য বেদ, তারা আমার নিরাকারা।।’’

— কোন রসপর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির তাৎপর্য নির্ণয় করো।

১০। ‘‘ধর্ম্মকেতু ভায়া সনে কৈলুঁ লেনা-দেনা। ১+১+৩= ৫

তাহা হইতে ভাইপো হয়্যাছ সেয়ানা।।’’

— কে, কাকে একথা বলেছে ? বক্তার এইরূপ বলার কারণ কী ?

**অথবা**

‘‘মোর সেবা ছাড়ি তুমি অন্য কর সাধ। ১+১+৩= ৫

বসুমতী চল ঝাট হও গিয়া ব্যাধ।।’’

— কে, কাকে একথা বলেছে ? উদ্ধৃত অংশটির প্রসঙ্গ ব্যাখ্যা করো।